বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা
আন্তর্জাতিক বাণিজ্য বিভাগ

টেলিফোননং ঃ ৯৫৬০৫৬৩
৭১১০৬৭৭
ফ্যাক্স নং ঃ ৭১২৩৬৮৩
ই-মেইল ঃ dgmtrade@krishibank.org.bd

পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং- ১১/২০১৮ তারিখঃ ১০/০৭/২০১৮

উপ-মহাব্যবস্থাপক
ট্রেজারী ম্যানেজমেন্ট বিভাগ / তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ/
প্রত্যবেক্ষন ও নিরীক্ষা বিভাগ-২(বৈদেশিক বানিজ্য নিরীক্ষা সেল)
বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
ও
উপ-মহাব্যবস্থাপক/ ব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক,
সকল অনুমোদিত ডিলার শাখা ।

**বিষয়ঃ "Bangladesh Bank- Authorised Dealers'Forum"এর ১৮ তম সভার রেকর্ডনোটস্ প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়

উপরোক্ত বিষয়ে বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়, ঢাকা এর পত্র নং এফইপিডি ( এফইএমপি) /৩৪/২০১৮-৪৭৮৮, তারিখ ২৩-০৫-২০১৮ এবং তৎসংগে সংযুক্ত Bangladesh Bank Authorized Dealers' Forum এর বিগত ০৭/০৫/২০১৮ তারিখ অনুষ্ঠিত ১৮তম সভার সিদ্ধান্ত সমুহের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে ( কপি সংযুক্ত) ।

০২। বিবি-এডি ফোরামের ১৮ তম সভার সকল সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ প্রদান করা হলো। এ প্রেক্ষিতে, অত্র ব্যাংক সংশ্লিষ্ট উক্ত সভার নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের জন্য পরামর্শ প্রদান করা হলো ঃ

**ক) Foreign Exchange Transactions রিপোর্টিং সংক্রান্ত কর্মকর্তাদের ট্রান্সফার/বদলির সময়সীমা তিন (০৩)বছরের পরিবর্তে পাঁচ(০৫) বছর করা প্রসঙ্গেঃ**
Foreign Exchange Transactions রিপোর্টিংয়ের সংগে জড়িত কর্মকর্তাদের বদলির সময়সীমা তিন (০৩)বছরের পরিবর্তে পাঁচ(০৫) বছর করার বিষয়টি বিবেচিত হয়নি।

**খ) এফইপিডি সার্কুলার পত্র নং ৫ তারিখ ০৮/০৩/২০১৮ প্রসঙ্গে ঃ**
বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (বিইআরসি) তাদের ২৮/০১/২০১৮ তারিখের প্রেরিত পত্রে উল্লেখ করেছে যে কোন কোন ব্যাংক বিইআরসি লাইসেন্সের মেয়াদ, পরিমানগত ও গুনগত প্রাপ্যতা পরীক্ষা না করে এলসি খুলছে সভায় অংশগ্রহনকারী ব্যাংকসমূহ পেট্রোলিয়ামজাত পণ্যের গুনগত প্রাপ্যতা নিয়ে উক্ত পত্রে অস্পস্টতা রয়েছে মর্মে অভিমত ব্যক্ত করে। এ বিষয়ে ব্যাংকসমূহ তাদের সুনির্দিষ্ট মতামত উল্লেখ করে পত্র প্রেরণ করলে বাংলাদেশ ব্যাংক সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবে।

**গ) Offshore Banking Unit (OBU) এর মাধ্যমে বিনিয়োগের (UPAS) Profit Rate ৬% হতে বৃদ্ধি করে ৮% করা অথবা বিলম্বিত আমদানি ব্যয়ের জন্য সুদের হার পরিবর্তন প্রসঙ্গে ঃ**
০৬ ই ফেব্রুয়ারি, ২০১২ তারিখের এফ ই সার্কুলার নং ০২ এবং ০৪ ফেব্রুয়ারি, ২০১৩ তারিখের এফই সার্কুলার নং ০৩ অনুযায়ী ক্রেতার ( Buyer's Credit) এবং সরবরাহকারীর ঋণ( Supplier's Credit) এর জন্য বিদ্যমান সুদের হার সর্বোচ্চ ৬% এর বেশী হতে পারবে না। যেহেতু London Interbank Offered Rate (LIBOR) হার ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে এবং সেই সাথে Offshore Banking Unit (OBU) ঋণের মার্ক- আপ্ও বৃদ্ধি পাচ্ছে, এক্ষেত্রে সুদের হার সর্বোচ্চ ৬% এর মধ্যে রাখাটা হয়তো অদূর ভবিষ্যতে আর সম্ভবপর হবে না। এ বিষয়ে ব্রাক ব্যাংকের প্রতিনিধি সুদের হার পর্যালোচনা করার এবং পূর্ব নির্ধারিত সর্বোচ্চ ৬% এর স্থলে LIBOR এবং তৎসংশ্লিষ্ট মার্ক- আপ্ এর ভিত্তিতে ভাসমান হার নির্ধারণের জন্য মতামত ব্যক্ত করেন। সভায় আইবিবিএলের প্রতিনিধি শরীয়াহ ব্যাংকিংয়ের সীমাবদ্ধতার উল্লেখ করে LIBOR এর পরিবর্তে Offshore Banking এর মাধ্যমে বিনিয়োগের মুনাফার হার ৬% থেকে ৮% এ বৃদ্ধির বিষয় বিবেচনার জন্য প্রস্তাব করেন। বিষয়টিতে সরকারের সম্পৃক্ততা থাকায় এ নিয়ে বাংলাদেশ ব্যাংকের উচ্চ পর্যায়ে আলোচনা চলছে। ভবিষ্যতে কোন সিদ্ধান্ত গৃহীত হলে ব্যাংকসমূহকে তা অবহিত করা হবে।

**ঘ) ড্যাশবোর্ডে ভুল রিপোটিং -এর বিষয়ে এডি ব্যাংকগুলোকে সতর্ক করা প্রসঙ্গে ঃ**
**ASYCUDA WORLD System** এর সাথে বাংলাদেশ ব্যাংকের অনলাইন মনিটরিং সিস্টেমের রিয়েল টাইম তথ্য আদান- প্রদানের ধারাবাহিকতায় আমদানি বাণিজ্যে স্বচ্ছতা নিশ্চিতকরণের লক্ষ্যে অনলাইন মনিটরিং সিস্টেমে ডিলিট/ক্যান্সেলকৃত ফাইনালাইজড এলসি/কন্ট্রাক্ট এর তথ্য অ্যাসাইকুডা ওয়ার্ল্ডে প্রেরণ করা হচ্ছে। উক্ত তথ্যের মাধ্যমে ডিলিট/ক্যান্সেলকৃত ফাইনালাইজড এলসি/কন্ট্রাক্ট নম্বর দ্বারা পরবর্তীতে কোনরূপ মালামাল খালাস করা সম্ভবপর হবে না। এ বিষয়ে এডি ব্যাংকসমূহ সংশ্লিষ্ট এলসি ফাইনালাইজ করার পূর্বে এলসি নম্বর পরীক্ষার ক্ষেত্রে Maker-Checker ব্যবস্থা গ্রহণসহ আরও সতর্কতা অবলম্বন করবে।

**ঙ) " বৈদেশিক অনুদান (স্বেচ্ছাসেবামূলক কার্যক্রম) রেগুলেশন আইন, ২০১৬" অনুযায়ী বৈদেশিক অনুদান হিসেবে প্রাপ্ত অর্থ ছাড়করণ প্রসঙ্গে।**
" বৈদেশিক অনুদান (স্বেচ্ছাসেবামূলক কার্যক্রম) রেগুলেশন আইন, ২০১৬" অনুযায়ী বৈদেশিক অনুদান গ্রহনের ক্ষেত্রে এনজিও বিষয়ক ব্যুরোর অনুমোদন গ্রহন করতে হবে। এক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদন গ্রহনের কোন আবশ্যকতা নেই।

**চ) এফই সার্কুলার নং ৯/২০১৮ এর মাধ্যমে অগ্রিম রপ্তানি মূল্য প্রত্যাবাসনের বিপরীতে পরিবহন দলিল আমদানিকারকের নামে ইস্যু করা প্রসঙ্গে ঃ**
এফই সার্কুলার নং ৯/২০১৮ এর মাধ্যমে অগ্রিম রপ্তানি মূল্য প্রত্যাবাসনের বিপরীতে পরিবহন দলিল আমদানিকারকের নামে ইস্যু করার প্রাধিকার দেয়া হয়েছে । তবে পচনশীল পণ্য রপ্তানির ক্ষেত্রে GFET এর ৮(ii) নং অনুচ্ছেদে উল্লেখিত নির্দেশনা যথারীতি অপরিবর্তিত রয়েছে মর্মে অবহিত করা হয়।

**ছ) এফই সার্কুলার নং ৩/২০১৮ তারিখ ৮/০২/২০১৮ এর মাধ্যমে সফট্ওয়্যার, আইটিইএস ও হার্ডওয়্যার রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকী পরিশোধের নির্দেশনা প্রসঙ্গে।**

এফই সার্কুলার নং ৩/২০১৮ তারিখ ৮/০২/২০১৮ এর মাধ্যমে সফট্ওয়্যার, আইটিইএস ও হার্ডওয়্যার রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকী পরিশোধের নির্দেশনা প্রদান করা হয়। দৃশ্যমান পণ্যের ক্ষেত্রে ইএক্সপি ফরমের ব্যবহার রয়েছে; তবে অদৃশ্যমান সেবা রপ্তানির ক্ষেত্রে ইএক্সপি ফরমের ব্যবহারের প্রয়োজন নেই। এ ক্ষেত্রে দৃশ্যমান পণ্য রপ্তানিকারকের ন্যায় ইআরসিরও আবশ্যকতা নেই। এতদপ্রেক্ষিতে অদৃশ্যাকারে রপ্তানিকৃত সফট্ওয়্যার, আইটিইএস এর ক্ষেত্রে ভর্তুকীর আবেদনকালে ইআরসি'র উল্লেখ করার আব্যশকতা নেই মর্মে সভাকে অবহিত করা হয়।

**জ) স্থানীয় শিপিং লাইনের নামে বৈদেশিক মুদ্রা হিসাবে জমাকৃত আয় তাদের আমদানি দায় পরিশোধে ব্যবহার করা প্রসঙ্গে।**

স্থানীয় শিপিং লাইনের নামে বৈদেশিক মুদ্রা হিসাবে জমাকৃত আয় তাদের আমদানি দায় পরিশোধে ব্যবহার করা যাবে কিনা সে বিষয়ে এইচএসবিসি'র পক্ষ থেকে জানতে চাওয়া হয়। এ বিষয়ে সভাকে জানানো হয় যে, GFET-2018 এর ১৩ নং অধ্যায়ের ৩৩ নং অনুচ্ছেদে শিপিং লাইনের আয় দ্বারা পরিবহন সংস্থার ব্যয় নির্বাহের নির্দেশনা রয়েছে। তবে ভিন্ন কোন ব্যয় নির্বাহের বিষয়ে বাংলাদেশ ব্যাংকে আবেদন দাখিল করা হলে তা পর্যালোচনান্তে বিবেচনা করা হবে।

**ঝ) সার্কুলার পত্র নং এফইপিডি (আমদানি নীতি)১১৭/২০১৭-১২ তারিখ ২৭/০৭/২০১৭ স্পষ্টীকরণ প্রসঙ্গে।**

এ বিষয়ে আমদানি নীতি শাখা হতে সভায় স্পষ্টীকরণ করা হয় যে, সকল ব্যাক টু ব্যাক এলসি বৈদেশিক মুদ্রায় স্থাপন এবং পরিশোধ করতে হবে। স্থানীয় এলসি টাকায় ইস্যু ও পরিশোধিত হবে।

০৩। এমতাবস্থায়, বাংলাদেশ ব্যাংকের উপরোক্ত নির্দেশনা সতর্কতার সাথে পরিপালন নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

০৪। **বিষয়টি অতীব জরুরী ও গুরুত্বপূর্ন।**

অনুমোদনক্রমে,

সংযুক্তিঃ বর্ননা মোতাবেক।

(আহছান আল রশীদ)
সহকারী- মহাব্যবস্থাপক
বিভাগীয় দায়িত্বে

আঃবাঃবিঃ ১(০৫)/২০১৮-২০১৯/৫৮

তারিখ ঃ ১০/০৭/২০১৮

সদয় জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরন করা হলো ঃ

০১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি ,প্রকা ,ঢাকা।
০২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২ ও ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি ,প্রকা, ঢাকা।
০৩। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৪। অধ্যক্ষ(মহাব্যবস্থাপক) বিকেবি, ষ্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সচিব, পর্ষদ সচিবালয়/সকল উপ-মহাব্যবস্থাপক, বিকেবি প্রকা ঢাকা/সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।(পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগকে অনুরোধ করা হলো।)
০৬। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭। নথি/ মহানথি।

(জিনাত শাফিন ওয়াদুদ)
সহকারী মহাব্যবস্থাপক

# বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা।

## "Bangladesh Bank-Authorized Dealers' Forum" এর ১৮তম সভার রেকর্ডনোটস।

"বাংলাদেশ ব্যাংক-অনুমোদিত ডিলারস ফোরাম" এর ১৮তম সভা ০৭/৫/২০১৮ তারিখ সকাল ১১:০০ ঘটিকায় ফোরামের আহবায়ক ও বাংলাদেশ ব্যাংকের নির্বাহী পরিচালক জনাব শেখ আবদুল্লাহ'র সভাপতিত্বে বাংলাদেশ ব্যাংকের মূল ভবনের ৫ম তলায় অবস্থিত জাহাঙ্গীর আলম কনফারেন্স হলে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ফোরামের সদস্য ও প্রতিনিধিদের তালিকা পরিশিষ্ট "ক" ও "খ" তে দেখানো হ'ল।

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভার কার্যপত্রে উল্লিখিত আলোচ্যসূচীর বিষয়সমূহ পর্যায়ক্রমিকভাবে উপস্থাপনের জন্য বৈদেশিক মুদ্রা নীতি বিভাগের উপ মহাব্যবস্থাপক জনাব মোঃ কাওছার মতিনকে আহ্বান জানান। উপ মহাব্যবস্থাপক মহোদয় শুরুতে বিগত সভায় (১৭তম) গৃহীত সিদ্ধান্তগুলোর পরিপালন/বাস্তবায়ন অগ্রগতি সভাকে অবহিত করেন। বিগত সভার (১৭তম) রেকর্ডনোটসের ক্রমিক নং ১-৫ এবং ১৫-১৬তে বর্ণিত সিদ্ধান্ত (যা বর্তমানে বাস্তবায়নাধীন রয়েছে) ব্যতীত অন্যান্য সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে পরিপালিত মর্মে নিশ্চিত করা হয়। অতঃপর তিনি বিবি-এডি ফোরামের ১৭তম সভা অনুষ্ঠিত হওয়ার পর হতে ১৮তম সভা অনুষ্ঠিত হওয়ার পূর্ব পর্যন্ত সময়কালে জারিকৃত বিভিন্ন এফই সার্কুলার ও সার্কুলার লেটারের মাধ্যমে বৈদেশিক মুদ্রা বিধিবিধানের বিষয়ে গৃহীত উল্লেখযোগ্য সিদ্ধান্তসমূহের সারসংক্ষেপ তুলে ধরেন এবং প্রযোজ্য ক্ষেত্রে ব্যাখ্যা প্রদান/স্পষ্টীকরণ করেন। এরপর সভায় উপস্থিত বাংলাদেশ ব্যাংকের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তাগণ এবং এডি ব্যাংকের প্রতিনিধিগণ আলোচ্যসূচীর অন্যান্য বিষয়ের উপর আলোচনায় অংশগ্রহণ করেন ও তাদের মূল্যবান বক্তব্য/মতামত তুলে ধরেন। বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রমিক নম্বর | আলোচ্য বিষয় | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী পক্ষ/পক্ষসমূহ |
|---|---|---|---|
| ১। | Foreign Exchange Transactions রিপোর্টিং সংক্রান্ত কর্মকর্তাদের ট্রান্সফার/বদলির সময়সীমা তিন (০৩) বছরের পরিবর্তে পাঁচ (০৫) বছর করা প্রসঙ্গে। | Foreign Exchange Transactions রিপোর্টিংয়ের সংগে জড়িত কর্মকর্তাদের বদলির সময়সীমা তিন (০৩) বছরের পরিবর্তে পাঁচ (০৫) বছর করার বিষয়টি বিবেচিত হয়নি। | সকল এডি ব্যাংক |
| ২। | এফইপিডি সার্কুলার পত্র নং.৫ তারিখ ৮/৩/২০১৮ প্রসঙ্গে। | বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (বিইআরসি) তাদের ২৮/০১/২০১৮ তারিখের প্রেরিত পত্রে উল্লেখ করেছে যে কোন কোন ব্যাংক বিইআরসি'র লাইসেন্সের মেয়াদ, পরিমাণগত ও গুণগত প্রাপ্যতা পরীক্ষা না করে এলসি খুলছে। সভায় অংশগ্রহণকারী ব্যাংকসমূহ পেট্রোলিয়ামজাত পণ্যের গুণগত প্রাপ্যতা নিয়ে উক্ত পত্রে অস্পস্টতা রয়েছে মর্মে অভিমত ব্যক্ত করে। এ বিষয়ে ব্যাংকসমূহ তাদের সুনির্দিষ্ট মতামত উল্লেখ করে পত্র প্রেরণ করলে অত্র বিভাগ সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | সকল এডি ব্যাংক এবং এফইপিডি (ইমপোর্ট পলিসি শাখা), বাংলাদেশ ব্যাংক। |
| ৩। | স্টিল শিল্পের কাঁচামাল আমদানির ক্ষেত্রে LCAF-এর remittance validity ২(দুই) বছর করা প্রসঙ্গে। | স্টিল শিল্পের কাঁচামাল আমদানির ক্ষেত্রে LCAF-এর remittance validity বৃদ্ধি করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। LCAF এর মেয়াদ বৃদ্ধির বিষয়ে অত্র বিভাগ প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে। | এফইপিডি (ইমপোর্ট পলিসি শাখা), বাংলাদেশ ব্যাংক। |

| | | | |
|---|---|---|---|
| ৪। | বাংলাদেশ ব্যাংকের বিভিন্ন বিভাগে বৈদেশিক মুদ্রা লেনদেনের তথ্য রিপোর্টিংয়ের এর ক্ষেত্রে অভিন্ন unit code ব্যবহার করার বিষয় বিবেচনা প্রসঙ্গে। | বৈদেশিক মুদ্রা লেনদেনে আমদানি-রপ্তানি বিষয়ক তথ্য বাংলাদেশ ব্যাংকের এফইওডি ও কাস্টমস (ASYCUDA WORLD System) এ রিপোর্টিংয়ের সময় Pricing unit code এবং পরিসংখ্যান বিভাগে Statistical unit code ব্যবহারের নির্দেশনা রয়েছে। এ বিষয়ে সভায় ব্যাংকসমূহ মতামত প্রকাশ করে যে, কিছু কিছু পণ্যের ক্ষেত্রে Pricing unit এবং Statistical unit ভিন্ন হয় (যেমনঃ Spare Parts, Pillow case, Terry Towel, Capsule caps etc)। এক্ষেত্রে তাদের পক্ষে আলাদা আলাদা Data প্রদান করা কষ্টসাধ্য। এ বিষয়ে ISO Standard Unit Code ব্যবহারের জন্য তারা প্রস্তাব করেন। এফইওডি এবং পরিসংখ্যান বিভাগ সংশ্লিষ্ট বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে। | এফইওডি এবং পরিসংখ্যান বিভাগ, বাংলাদেশ ব্যাংক। |
| ৫। | বৈদেশিক মুদ্রা লেনদেন আমদানি/রপ্তানির Foreign currency clearing settlements এর ক্ষেত্রে প্রচলিত ৫টি currency এর পাশাপাশি Renminbi (RMB) ব্যবহার করা প্রসঙ্গে। | বৈদেশিক মুদ্রা লেনদেন ব্যবস্থায় আমদানি-রপ্তানি বানিজ্যে Foreign currency clearing settlements এর ক্ষেত্রে ৫টি currency (US Dollar, Pound Sterling, Euro, Japanese Yen and Canadian Dollar) ব্যবহারের কথা উল্লেখ রয়েছে। সভায় ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড এর প্রতিনিধি চীনের সাথে তাদের আমদানি-রপ্তানি Business volume বেশী হওয়ায় Foreign currency clearing settlements এর ক্ষেত্রে উক্ত ৫টি currency'র পাশাপাশি Renminbi (RMB) ব্যবহার বিবেচনার জন্য প্রস্তাব করেন। এ বিষয়ে এফআরটিএমডি'র সংশ্লিষ্ট উপমহাব্যবস্থাপক Renminbi (RMB) তে Account খুলতে বাংলাদেশ ব্যাংকের পক্ষ হতে কোন প্রতিবন্ধকতা নেই মর্মে মতামত প্রদান করেন। Foreign Currency Clearing Settlements এর ক্ষেত্রে উক্ত ৫টি Currency'র পাশাপাশি RMBকে অন্তর্ভুক্ত করার বিষয়ে এফআরটিএমডি হতে মতামত গ্রহণের পর অত্র বিভাগ প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে । | এফআরটিএমডি এবং এফইপিডি (এফইএমপি শাখা), বাংলাদেশ ব্যাংক। |
| ৬। | বাংলাদেশ ব্যাংকের Online Export Monitoring System এ ভুল রিপোর্টিং সংশোধনের বিষয়টি দ্রুততর/সহজ করার জন্য ব্যাংকের Official email এর মাধ্যমে সংশোধন গ্রহণ করা প্রসঙ্গে। | বাংলাদেশ ব্যাংকের Online Export Monitoring System এ বিভিন্ন তথ্য রিপোর্টিংয়ের সময় মাঝে মাঝে কিছু অনাকাঙ্খিত ভুল হয়ে যায়। উক্ত ভুল বাংলাদেশ ব্যাংকে হার্ডকপি আকারে দাখিল করার মাধ্যমে সংশোধনের বিষয়টি সময় সাপেক্ষ হওয়ায় গ্রাহক কর্তৃক যথাসময়ে মালামাল জাহাজীকরণ করতে বিলম্ব হয়। বিষয়টি দ্রুততর করতে Official e-mail এর মাধ্যমে সংশোধন করার বিষয় বিবেচনার জন্য ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড এর প্রতিনিধি প্রস্তাব করেন। এ বিষয়ে উক্ত ব্যাংক একটি Constructive Proposal প্রেরণ করবে যার ভিত্তিতে এফইওডি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড এবং এফইওডি, বাংলাদেশ ব্যাংক। |
| ৭। | Offshore Banking Unit (OBU) এর মাধ্যমে বিনিয়োগের (UPAS) Profit Rate ৬% হতে বৃদ্ধি করে ৮% করা অথবা বিলম্বিত আমদানি ব্যয়ের | ০৬ ফেব্রুয়ারী, ২০১২ তারিখের এফ ই সার্কুলার নং ০২ এবং ০৪ ফেব্রুয়ারী, ২০১৩ তারিখের এফ ই সার্কুলার নং ০৩ অনুযায়ী ক্রেতার ঋণ (Buyer's Credit) এবং সরবরাহকারীর ঋণ (Supplier's Credit) এর জন্য বিদ্যমান সুদের হার সর্বোচ্চ ৬% এর বেশী হতে পারবে না। যেহেতু London Interbank Offered Rate (LIBOR) হার ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে এবং সেই সাথে Offshore Banking Unit (OBU) ঋণের মার্ক-আপও বৃদ্ধি পাচ্ছে, এক্ষেত্রে | সকল এডি ব্যাংক |

| | | | |
|---|---|---|---|
| | জন্য সুদের হার পরিবর্তন প্রসঙ্গে। | সুদের হার সর্বোচ্চ ৬% এর মধ্যে রাখাটা হয়তো অদূর ভবিষ্যতে আর সম্ভবপর হবে না। এ বিষয়ে ব্র্যাক ব্যাংকের প্রতিনিধি সুদের হার পর্যালোচনা করার এবং পূর্ব নির্ধারিত সর্বোচ্চ ৬% হারের স্থলে LIBOR এবং তৎসংশ্লিষ্ট মার্ক-আপ এর ভিত্তিতে ভাসমান হার নির্ধারণের জন্য মতামত ব্যক্ত করেন। সভায় আইবিবিএলের প্রতিনিধি শরীয়াহ ব্যাংকিংয়ের সীমাবদ্ধতার উল্লেখ করে LIBOR এর পরিবর্তে Offshore banking এর মাধ্যমে বিনিয়োগের মুনাফার হার ৬% থেকে ৮% এ বৃদ্ধির বিষয় বিবেচনার জন্য প্রস্তাব করেন। বিষয়টিতে সরকারের সম্পৃক্ততা থাকায় এ নিয়ে বাংলাদেশ ব্যাংকের উচ্চ পর্যায়ে আলোচনা চলছে। ভবিষ্যতে কোন সিদ্ধান্ত গৃহীত হলে ব্যাংকসমূহকে তা অবহিত করা হবে। | |
| ৮। | ওপেন ইন্স্যুরেন্স কভার নোট প্রসঙ্গে। | তৈরি পোশাক রপ্তানিকারক প্রতিষ্ঠান, সরকারী প্রতিষ্ঠানসহ আরও কিছু বৃহৎ আমদানিকারক প্রতিষ্ঠান তাদের আমদানিতব্য (কাঁচামাল ও মেশিনারী) পণ্যের জন্য ওপেন ইন্সুরেন্স কভার নোট ব্যবহার করে থাকে। বেশীর ভাগ ক্ষেত্রে ওপেন ইনস্যুরেন্স কভার নোটের প্রিমিয়াম অগ্রিম প্রদান করা হয়না। এর পরিবর্তে পূর্ব নির্ধারিত পরিমাণের ব্যাংক গ্যারান্টি প্রদান করা হয় এবং একটা নির্দিষ্ট সময় পর এ ইনস্যুরেন্সের প্রিমিয়াম পরিশোধ করা হয়। ফলে ঋণপত্র খোলার সময় প্রিমিয়াম প্রদানের প্রমাণপত্র দেওয়া সম্ভব হয়না। এফই সার্কুলার পত্র নং ১৩৬ তারিখ ০৮ ফেব্রুয়ারী, ২০০৪ এর উল্লেখ করে এইচএসবিসি'র প্রতিনিধি এ বিষয়ে বাংলাদেশ ব্যাংকের দিক নির্দেশনা কামনা করেন। এ বিষয়ে এইচএসবিসি সংশ্লিষ্ট সার্কুলারের আলোকে এফইপিডির আমদানি নীতি শাখায় পত্র প্রেরণ করবে। সেই মোতাবেক অত্র বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | এইচএসবিসি এবং এফইপিডি (ইমপোর্ট পলিসি শাখা), বাংলাদেশ ব্যাংক। |
| ৯। | CMT basis Export এর ক্ষেত্রে সার্বিক নির্দেশনা প্রদান প্রসঙ্গে। | সিএমটি ভিত্তিতে এক্সপোর্ট সংক্রান্ত লেনদেনের রিপোর্টিং বিষয়ে সুনির্দিষ্ট দিক নির্দেশনা প্রদান করার জন্য এইচএসবিসি প্রস্তাব করে। এইচএসবিসি'র কাছ থেকে সুনির্দিষ্ট প্রস্তাব প্রাপ্তি সাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। | এইচএসবিসি এবং এফইপিডি (রপ্তানি নীতি শাখা), বাংলাদেশ ব্যাংক। |
| ১০। | পরিদর্শন বিভাগ কর্তৃক নিরীক্ষা কার্যক্রম পরবর্তী মতবিনিময় সভা প্রসঙ্গে। | অনেক সময় বাংলাদেশ ব্যাংকের পরিদর্শন দল পরিদর্শন কার্যক্রম পরিচালনা পরবর্তী ব্যাংক কর্তৃপক্ষের সাথে মত বিনিময় সভা করে না যার কারনে অনেক বিষয়ে সঠিক ব্যাখ্যা অনুধাবন ও নিষ্পত্তি করতে অসুবিধা হয় মর্মে এইচএসবিসি সভাকে অবহিত করে। সাধারণতঃ পরিদর্শন দল পরিদর্শন কার্যক্রম শেষে প্রচলিত নিয়মে ব্যাংক কর্তৃপক্ষের সাথে মত বিনিময় করে মর্মে সভাপতি উল্লেখ করেন। তারপরও বিষয়টি সর্বক্ষেত্রে অনুসরণ করার জন্য বৈদেশিক মুদ্রা পরিদর্শন বিভাগ যথাযথ পদক্ষেপ গ্রহণ করবে। | বৈদেশিক মুদ্রা পরিদর্শন বিভাগ, বাংলাদেশ ব্যাংক। |
| ১১। | ড্যাশবোর্ডে ভুল রিপোর্টিং-এর বিষয়ে এডি ব্যাংকগুলোকে সতর্ক করা প্রসঙ্গে। | ASYCUDA WORLD System এর সাথে বাংলাদেশ ব্যাংকের অনলাইন ইমপোর্ট মনিটরিং সিস্টেমের রিয়েল টাইম তথ্য আদান-প্রদানের ধারাবাহিকতায় আমদানি বাণিজ্যে স্বচ্ছতা নিশ্চিতকরণের লক্ষ্যে অনলাইন ইমপোর্ট মনিটরিং সিস্টেমে ডিলিট/ক্যান্সেলকৃত ফাইনালাইজড এলসি/কন্ট্রাক্ট-এর তথ্য অ্যাসাইকুডা ওয়ার্ল্ডে প্রেরণ করা হচ্ছে। উক্ত তথ্যের মাধ্যমে ডিলিট/ক্যান্সেলকৃত ফাইনালাইজড এলসি/কন্ট্রাক্ট নম্বর দ্বারা পরবর্তীতে কোনরূপ মালামাল খালাস করা সম্ভবপর হবে না। এ বিষয়ে এডি ব্যাংকসমূহ সংশ্লিষ্ট এলসি ফাইনালাইজ করার পূর্বে এলসি নম্বর পরীক্ষার ক্ষেত্রে Maker- | সকল এডি ব্যাংক। |

| | | | |
|---|---|---|---|
| | | Checker ব্যবস্থা গ্রহণসহ আরও সতর্কতা অবলম্বন করবে। | |
| ১২। | "বৈদেশিক অনুদান (স্বেচ্ছাসেবামূলক কার্যক্রম) রেগুলেশন আইন, ২০১৬" অনুযায়ী বৈদেশিক অনুদান হিসেবে প্রাপ্ত অর্থ ছাড়করণ প্রসঙ্গে। | "বৈদেশিক অনুদান (স্বেচ্ছাসেবামূলক কার্যক্রম) রেগুলেশন আইন, ২০১৬" অনুযায়ী বৈদেশিক অনুদান গ্রহণের ক্ষেত্রে এনজিও বিষয়ক ব্যুরোর অনুমোদন গ্রহণ করতে হবে। এক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদন গ্রহণের কোন আবশ্যকতা নেই। | সকল এডি ব্যাংক। |
| ১৩। | এফই সার্কুলার নং ৯/২০১৮ এর মাধ্যমে অগ্রিম রপ্তানি মূল্য প্রত্যাবাসনের বিপরীতে পরিবহন দলিল আমদানিকারকের নামে ইস্যু করা প্রসঙ্গে। | এফই সার্কুলার নং ৯/২০১৮ এর মাধ্যমে অগ্রিম রপ্তানি মূল্য প্রত্যাবাসনের বিপরীতে পরিবহন দলিল আমদানিকারকের নামে ইস্যু করার প্রাধিকার দেয়া হয়েছে। তবে পচনশীল পণ্য রপ্তানির ক্ষেত্রে GFET এর ৮(ii) নং অনুচ্ছেদে উল্লিখিত নির্দেশনা যথারীতি অপরিবর্তিত রয়েছে মর্মে সভায় অবহিত করা হয়। | সকল এডি ব্যাংক। |
| ১৪। | এফই সার্কুলার নং ৩/২০১৮ তারিখ ৮/২/২০১৮ এর মাধ্যমে সফটওয়্যার, আইটিইএস ও হার্ডওয়্যার রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকী পরিশোধের নির্দেশনা প্রসঙ্গে। | এফই সার্কুলার নং ৩/২০১৮ তারিখ ৮/২/২০১৮ এর মাধ্যমে সফটওয়্যার, আইটিইএস ও হার্ডওয়্যার রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকী পরিশোধের নির্দেশনা প্রদান করা হয়। দৃশ্যমান পণ্যের ক্ষেত্রে ইএক্সপি ফরমের ব্যবহার রয়েছে; তবে অদৃশ্যমান সেবা রপ্তানির ক্ষেত্রে ইএক্সপি ফরমের ব্যবহারের প্রয়োজন নেই। এক্ষেত্রে দৃশ্যমান পণ্য রপ্তানিকারকের ন্যায় ইআরসিরও আবশ্যকতা নেই। এতদপ্রেক্ষিতে অদৃশ্যাকারে রপ্তানিকৃত সফটওয়্যার, আইটিইএস এর ক্ষেত্রে ভর্তুকীর আবেদনকালে ইআরসি'র উল্লেখ করার আবশ্যকতা নেই মর্মে সভাকে অবহিত করা হয়। | সকল এডি ব্যাংক। |
| ১৫। | আন্তর্জাতিক ই-কমার্সের আওতায় ছোট ছোট পণ্য ওয়েব পোর্টালে প্রাপ্ত রপ্তানি আদেশ ও অন-লাইন ব্যবস্থায় প্রাপ্ত মূল্যের বিপরীতে ইএক্সপি ব্যবহার পরিপালন সাপেক্ষে রপ্তানি কার্যক্রম পরিচালনা প্রসঙ্গে। | আন্তর্জাতিক ই-কমার্সের আওতায় ছোট ছোট পণ্য ওয়েব পোর্টালে প্রাপ্ত রপ্তানি আদেশ ও অন-লাইন ব্যবস্থায় প্রাপ্ত মূল্যের বিপরীতে ইএক্সপি ফরম ব্যবহার পরিপালন সাপেক্ষে রপ্তানি কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে কোন বাধা নেই। এ বিষয়ে সভায় উপস্থিত ব্যাংকের প্রতিনিধিদের বক্তব্য আহবান করা হলে তাদের পক্ষ থেকে জানানো হয় যে, স্থানীয় বাজারে কার্ডের মাধ্যমে অনলাইন ব্যবস্থায় পরিশোধের বিপরীতে ই-কমার্স এর আওতায় পণ্য কেনা-বেচা হচ্ছে। তবে আন্তর্জাতিক পর্যায়ে ই-কমার্সের আওতায় পণ্য লেনদেনের বিষয়ে অত্র বিভাগ থেকে নির্দেশনা পাওয়া গেলে ওয়েব পোর্টালের সাহায্যে বিদেশী ক্রেতার কাছে কার্ডের মাধ্যমে প্রাপ্ত মূল্যের বিপরীতে ছোট ছোট আকারে পণ্য রপ্তানি সহজ হতে পারে মর্মে সভায় উপস্থিত প্রতিনিধিগণ অভিমত ব্যক্ত করেন। এক্ষেত্রে এক পৃষ্ঠার সরল ইএক্সপি ফরম প্রবর্তন করা যুক্তিযুক্ত মর্মে সভায় অভিমত ব্যক্ত করা হয়। আলোচ্য বিষয়ে অত্র বিভাগের রপ্তানি নীতি শাখা প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে। | এফইপিডি (রপ্তানি নীতি শাখা), বাংলাদেশ ব্যাংক। |
| ১৬। | স্থানীয় শিপিং লাইন্সের নামে বৈদেশিক মুদ্রা হিসাবে জমাকৃত আয় তাদের আমদানি দায় পরিশোধে ব্যবহার করা প্রসঙ্গে। | স্থানীয় শিপিং লাইন্সের নামে বৈদেশিক মুদ্রা হিসাবে জমাকৃত আয় তাদের আমদানি দায় পরিশোধে ব্যবহার করা যাবে কিনা সে বিষয়ে এইচএসবিসি'র পক্ষ হতে জানতে চাওয়া হয়। এ বিষয়ে সভাকে জানানো হয় যে, GFET-2018 এর ১৩ নং অধ্যায়ের ৩৩ নং অনুচ্ছেদে শিপিং লাইন্সের আয় দ্বারা পরিবহন সংস্থার ব্যয় নির্বাহের নির্দেশনা রয়েছে। তবে ভিন্ন কোন ব্যয় নির্বাহের বিষয়ে বাংলাদেশ ব্যাংকে আবেদন দাখিল করা হলে তা পর্যালোচনান্তে বিবেচনা করা হবে। | সকল এডি ব্যাংক। |

বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
(বৈদেশিক মুদ্রা বাজার নীতি শাখা)

সূত্র ঃ এফইপিডি(এফইএমপি)/৩৪/২০১৮-৪৭৮৮

তারিখঃ ২৩ মে, ২০১৮

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল অনুমোদিত ডিলার ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

দৃষ্টি আকর্ষণঃ বিভাগীয় প্রধান, আন্তর্জাতিক বিভাগ/ট্রেজারী ব্যাক অফিস (সদস্য, বিবি-এডি ফোরাম)।

প্রিয় মহোদয়,

**"Bangladesh Bank-Authorized Dealers' Forum" এর ১৮তম সভার রেকর্ডনোটস প্রসঙ্গে।**

০৭/০৫/২০১৮ তারিখ সকাল ১১:০০ ঘটিকায় বাংলাদেশ ব্যাংকের মূল ভবনের ৫ম তলায় অবস্থিত জাহাঙ্গীর আলম কনফারেন্স হলে অনুষ্ঠিত 'বাংলাদেশ ব্যাংক-অনুমোদিত ডিলারস ফোরাম' এর ১৮তম সভার রকর্ডনোটস্ এর কপি অত্র সাথ্ প্রেরণ করা হলো।

০২। রেকর্ডনোটসের ৬ নম্বর ক্রমিকে বর্ণিত বিষয়ে ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড ফরেন এক্সচেঞ্জ অপারেশন ডিপার্টমেন্টে এবং ৯ নম্বর ক্রমিকে বর্ণিত বিষয়ে এইচএসবিসি বৈদেশিক মুদ্রা নীতি বিভাগের রপ্তানি নীতি শাখায় সুনির্দিষ্ট প্রস্তাব প্রেরণ করবে।

০৪। রেকর্ডনোটসের ১, ২, ৭, ১১-১৪ এবং ১৬-১৭ নম্বর ক্রমিকে বর্ণিত সিদ্ধান্তসমূহের যথাযথ বাস্তবায়ন/পরিপালন নিশ্চিতকল্পে অনুমোদিত ডিলার (এডি) ব্যাংকসমূহের প্রধান কার্যালয় কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ/এডি শাখাগুলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদানসহ অভ্যন্তরীণ সার্কুলার জারী করে তা স্ব স্ব এডি ব্যাংকের সংশ্লিষ্ট বিভাগ/অনুমোদিত ডিলার শাখাসমূহে প্রেরণপূর্বক উক্ত সার্কুলারের কপি পরবর্তী ০৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে অত্র বিভাগকে (সার্কুলারের কপিসহ) হার্ড কপিতে/নিম্নলিখিত ঠিকানায় ই-মেইলে অবহিত করার জন্য আপনাদেরকে পরামর্শ দেয়া যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।

(মু. নুরউদ্দিন হায়দার)
উপ পরিচালক
ফোনঃ ০২-৫৫৬৬৫০০২-৫/২২৬১৪ (আইপি)
ই-মেইলঃ mn.haider@bb.org.bd
debashish.sarker@bb.org.bd

| | | | |
|---|---|---|---|
| ১৭। | সার্কুলার পত্র নং এফইপিডি (আমদানি নীতি)১১৭/২০১৭ -১২ তারিখ ২৭/০৭/২০১৭ স্পষ্টীকরণ প্রসঙ্গে। | এ বিষয়ে আমদানি নীতি শাখা হতে সভায় স্পষ্টীকরণ করা হয় যে, সকল ব্যাক টু ব্যাক এলসি বৈদেশিক মুদ্রায় স্থাপন এবং পরিশোধ করতে হবে। স্থানীয় এলসি টাকায় ইস্যু ও পরিশোধিত হবে। | সকল এডি ব্যাংক। |

পরিশেষে সভায় যোগদান ও মূল্যবান মতামত প্রদানের জন্য উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি টানেন।

২৩.৫.২০১৮

(শেখ আবদুল্লাহ)
আহবায়ক, বিবি-এডি ফোরাম
ও
নির্বাহী পরিচালক, বাংলাদেশ ব্যাংক।